

## পদোন্নতি ও আপগ্রেডিং নীতিমালা স্থগিতকরণে ইসলামী বিশ্ববিদ্যালয় উত্তপ্ত

ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে নিজস্ব সংবাদদাতা ৪ শনিবার গভীর রাতে পুলিশ ইসলামী বিশ্ববিদ্যালয়ের ৩ শিক্ষকের বাসায় তদ্রাশি চালিয়েছে এবং শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী ঐক্যপরিষদের সদস্য সচিব ও ৩য় শ্রেণী কর্মচারী সমিতির সভাপতিকে ঘেফতার করে। ৩ শিক্ষকের বাসায় পুলিশের তদ্রাশি এবং ১ জনকে ঘেফতারের প্রতিবাদে গতকাল ক্যাম্পাস সারাদিন আন্দোলনমুখর থাকায় কোন বিভাগে ক্লাস হয়নি, তবে ৭টি বিভাগের অনার্স ও মাস্টার্স পরীক্ষা হয়েছে বলে পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর সূত্রে জানা গেছে। পুলিশ পরে ঘেফতারকৃতদের ছেড়ে দেয়।

পদোন্নতি ও আপগ্রেডিং সংক্রান্ত সিডিকেটের সিদ্ধান্ত বাতিলের জন্য শনিবার আন্দোলনকারী ঐক্যপরিষদ উপাচার্যকে ৩ দিনের সময়সীমা নির্ধারণ করে দেয়। বিশ্বস্ত সূত্রে জানা যায়, আন্দোলন স্থগিতকরণের জন্য উপাচার্য তার সমর্থক কিছু শিক্ষকের পরামর্শে লোক প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক একেএম মতিনুর রহমান, আল কোরান বিভাগের সহকারী অধ্যাপক রইছউদ্দিনের বাসায় শনিবার গভীর রাতে পুলিশ দিয়ে তদ্রাশি চালায় এবং ৩য় শ্রেণী কর্মচারী সমিতির সভাপতি আবদুল মান্নানকে ঘেফতার করে। পুলিশ অবশ্য বলেছে, ছুন মাসে উপাচার্যের বাসভবনের পাশে বোমা পাওয়ার সন্দেহে কিছু শিক্ষকের বাসায় অবস্থা ৪ পৃঃ ২ কঃ ৫

অবস্থা : উত্তপ্ত

(১ম পৃষ্ঠার পর)

তদ্রাশি ও ১ জনকে

ঘেফতার করা হয়।

শিক্ষকের বাসায় তদ্রাশি এবং ১ জনকে ঘেফতারের প্রতিবাদে রোববার শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা বিক্ষোভ মিছিল এবং ডিসির বাসভবন অবরোধসহ সমাবেশ করে।